

## ধর্মঘটে অচল কুমিল্লা বিশ্ববিদ্যালয়

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা  
ছাত্রলীগের ডাকা অনির্দিষ্টকালের ধর্মঘটে কার্যত অচল কুমিল্লা বিশ্ববিদ্যালয়।  
ছাত্রলীগ নেতাকে গ্রেফতারের প্রতিবাদ ও তার মুক্তির দাবিতে ক্যাম্পাসে  
অনির্দিষ্টকালের ধর্মঘট চলছে। তিন দিন ধরে অনির্দিষ্টকালের ধর্মঘটে ক্যাম্পাসে  
বিরাজ করছে হুবিয়তা। সব বিভাগের ক্লাস ও পরীক্ষা বন্ধ থাকায় সেশন জটের  
আশঙ্কা করছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শহীদ  
ধীরেন্দ্রনাথ দত্ত হল শাখা ছাত্রলীগের সভাপতি ইলিয়াস হোসেন সবুজকে অগ্রসহ  
গ্রেফতার ও মামলার প্রতিবাদে রবিবার থেকে ধর্মঘট পালন করছে ইলিয়াস  
সমর্থকরা। ইলিয়াসের মুক্তির দাবিতে মঙ্গলবারও সকাল থেকে দফায় দফায়  
বিক্ষোভ মিছিল ও সমাবেশ করা হয়। এ দিন ক্যাম্পাস থেকে বিক্ষোভ মিছিল  
বের করে কোটবাড়ীতে এসে কুমিল্লা-কোটবাড়ী সড়ক এক ঘণ্টা অবরোধ করে  
রাখা হয়। ইলিয়াস সমর্থকদের দাবি, বিশ্ববিদ্যালয় ছাত্রলীগে ইলিয়াসের  
প্রতিপক্ষ গ্রুপ যড়যন্ত্র করে তাকে আটক করিয়েছে।